দৈনিক ইত্তেফাক

176

তারিখ OCT 01 1999
পৃষ্ঠা ১২ কলাম ৪

# 'প্রকৃত শিক্ষা অর্জনের জন্য চাই প্রাতিষ্ঠানিক ও নৈতিক শিক্ষার সুষম সমন্বয়'

চট্টগ্রাম অফিস ॥ শিশু-কিশোর সংগঠন ফুলকুঁড়ি আসর চট্টগ্রাম মহানগরী শাখার উদ্যোগে গত ২৩ সেপ্টেম্বর মহানগরীর ৬টি থানার প্রাথমিক ও জুনিয়র বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীদের সম্মানে সংবর্ধনার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে আগ্রাবাদ মহিলা কলেজের অধ্যক্ষ শাফায়াত আহমদ সিদ্দিকী বলেন, একবিংশ শতাব্দীর পৃথিবীতে মেধা এবং প্রতিভাই হইবে অন্যতম নিয়ামক শক্তি।

শতাব্দীর নূতন এই অধ্যায়ে আমাদের দেশকে অগ্রসর মান করিতে মেধার প্রতি যত্নবান হওয়াই সবচাইতে প্রয়োজনীয় বিষয়। আজ যাহারা শিক্ষা জীবনের প্রাথমিক পর্যায়ে কৃতিত্বের স্বাক্ষর রাখিয়াছে অনাগত দিনগুলিতে তাহারাই হইবে জাতির ভবিষ্যৎ কর্ণধার। অন্যান্য বক্তারা বলেন, প্রকৃত শিক্ষা অর্জনের জন্য প্রয়োজন প্রাতিষ্ঠানিক শিক্ষা এবং নৈতিক শিক্ষার সুষম সমন্বয়। কৃতী শিক্ষার্থীদের প্রতিভা এবং আদর্শিক দৃঢ়তার সমন্বয় সাধন করিতে পারিলেই তাহাদের প্রতিভা দেশ ও জাতির উপকারে আসিবে। প্রযুক্তির উন্নয়নের সাথে সাথে যোগাযোগের পরিধি ব্যাপক আকার ধারণ করিতেছে। সেই সাথে শিক্ষার মানও উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছে। এই পরিবর্তনশীল পরিস্থিতির যোগ্য হইয়া উঠার জন্য জ্ঞানার্জনের কোন বিকল্প নাই। ফুলকুঁড়ি আসরের রজত জয়ন্তী উপলক্ষে মাসব্যাপী কর্মসূচীর অংশ হিসাবে মুসলিম হলে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের প্রোভিসি ডঃ আবুবকর রফিক আহমদ, সরকারী মহসিন কলেজের অধ্যক্ষ গাজী মুহাম্মদ আকবর হোসেন, ডাঃ খাস্তগীর সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সুরাইয়া আক্তার প্রমুখ।